দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 15 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম 3

06

## পাবনা ক্যাডেট কলেজ : ৪৭ জন ছাত্র ক্যাম্পাস ছেড়ে চলে গেছে

(নিজস্ব প্রতিনিধি)

পাবনা, ১৪ই নবেম্বর।— পাবনা ক্যাডেট কলেজের দ্বাদশ বর্ষের ৪৭ জন ছাত্র রোববার সন্ধ্যায় কর্তৃপক্ষের অগোচরে

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## পাবনা ক্যাডেট

(প্রথম পৃঃ পর)

ক্যাম্পাস ছেড়ে চলে গেছে। কলেজের অধ্যক্ষ এ ব্যাপারে পাবনা থানাকে জানিয়েছেন বলে থানা সূত্র উল্লেখ করেন।

এ ব্যাপারে অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন। তবে এই ছাত্রদের ক্যাম্পাস ত্যাগের কারণ তিনি জানাননি।

উল্লেখ্য, কলেজের দ্বাদশ শ্রেণীর মোট ছাত্র সংখ্যা ৫৪ জন। এদের মধ্যে দুজনকে এর আগে বহিষ্কার করা হয়েছে। বর্তমানে এই শ্রেণীর মাত্র পাঁচজন ছাত্র ক্লাস করছে।